

## নোয়াখালী মেডিক্যাল কলেজে তালা দিয়ে শিক্ষার্থীদের ধর্মঘট

১০ দফা না মানলে কঠোর আন্দোলন

নোয়াখালী প্রতিনিধি •

শিক্ষক, লাইব্রেরি, হোস্টেল, পানি ও নিরাপত্তার নিশ্চয়তাসহ ১০ দফা দাবিতে সোমবার দুপুর থেকে কলেজের একাডেমিক ভবনের মূল ফটকে তালা ফুলিয়ে অবস্থান ধর্মঘট পালন করে নোয়াখালী আবদুল মালেক উকিল মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা। এতে অবরুদ্ধ হয়ে পড়েন কলেজের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা। পরে এসব দাবি নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে কলেজ কর্তৃপক্ষের আলোচনা শেষে বিকাল সাড়ে ৪টায় অবরোধ প্রত্যাহার করা হয়। তবে আগামী তিন দিনের মধ্যে দাবিগুলো না মানা হলে আরও কঠোর আন্দোলনের ঘোষণা দেন শিক্ষার্থীরা। আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, দীর্ঘদিন থেকে এনাটবি, ফরেনসিক, প্যাথলজি, মাইক্রোবায়োলজিসহ বেশ কয়েকটি বিষয়ের শিক্ষক সংকট রয়েছে। এ ছাড়া হোস্টেল, বাস-অ্যান্ডুলেস, পানি সরবরাহ ও নিরাপত্তার ব্যাপক সংকট রয়েছে। বর্তমানে অস্থায়ী হোস্টেলগুলোতে খাওয়ার ও অন্যান্য ব্যবহারে জন্য যে পানি সরবরাহ করা হচ্ছে তা পচা এবং দুর্গন্ধযুক্ত। এতে অনেক শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ছে। কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের এ দাবি বার বার পূরণের আশ্বাস দিলেও কাজের কাজ কিছু হয়নি।

নোয়াখালী আবদুল মালেক উকিল মেডিক্যাল কলেজের উপাধ্যক্ষ ডা. বাব্বা পৌতম জানান, শিক্ষার্থীদের দাবি যুক্তিসঙ্গত। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। অচিরেই সকল সমস্যা সমাধান করা হবে।